

অনুবাদসহ সূরা ফাতিহা

سورة: الفاتحة

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ ﴿١﴾ الْحَمْدُ لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ ﴿٢﴾ الرَّحْمَنِ الرَّحِيمِ ﴿٣﴾
مَلِكِ يَوْمِ الدِّينِ ﴿٤﴾ إِيَّاكَ نَعْبُدُ وَإِيَّاكَ نَسْتَعِينُ ﴿٥﴾ أَهْدِنَا الصِّرَاطَ
الْمُسْتَقِيمَ ﴿٦﴾ صِرَاطَ الَّذِينَ أَنْعَمْتَ عَلَيْهِمْ غَيْرِ الْمَغْضُوبِ عَلَيْهِمْ وَلَا الضَّالِّينَ ﴿٧﴾

পরম করুণাময় দয়ালু আল্লাহর নামে

“সকল প্রশংসা একমাত্র আল্লাহ্ রব্বুল আলামীনের জন্য। যিনি পরম করুণাময় দয়াশীল। যিনি কর্মফল দিবসের (কেয়ামতে হাশরের ময়দানে বিচার কার্যের দিনের) অধিপতি। (হে আল্লাহ) আমরা কেবলমাত্র তোমারই ইবাদত করি এবং তোমারই নিকট সাহায্য প্রার্থনা করি। তুমি আমাদেরকে সত্য ও সরল পথ প্রদর্শন কর। সে সমস্ত মহান ব্যক্তিদের পথে, যাদের প্রতি স্বীয় অনুগ্রহ দান করেছে। আর তাদের পথে নহে যারা পথভ্রষ্ট ও তোমার ক্রোধ নিপতিত।”

অনুবাদসহ সূরা ইখলাস

سورة: الإخلاص

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

قُلْ هُوَ اللَّهُ أَحَدٌ ۝ اللَّهُ الصَّمَدُ ۝ لَمْ يَلِدْ وَلَمْ يُولَدْ ۝ وَلَمْ يَكُن لَّهُ كُفُوًا
أَحَدٌ ۝

পরম করণাময় দয়ালু আল্লাহর নামে

“ বল, আল্লাহ্ এক ও অদ্বিতীয়। তিনি কারও মুখাপেক্ষী নন, বরং সব
কিছুই তার মুখাপেক্ষী। তিনি কাউকে জন্ম দেন না এবং কেহ তাকে
জন্ম দেয় নি। আর কেউ তার সমকক্ষ নয়।”

অনুবাদসহ সূরা কাওসার

سورة: الكوثر

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

إِنَّا أَعْطَيْنَكَ الْكَوْثَرَ ﴿١﴾ فَصَلِّ لِرَبِّكَ وَأَنْحَرْ ﴿٢﴾ إِنَّ شَانِئَكَ هُوَ الْأَبْتَرُ ﴿٣﴾

পরম করুণাময় দয়ালু আল্লাহর নামে

“ নিশ্চয়ই আমি তোমাকে (রাসূলকে) কাওসার (সৌভাগ্যের প্রস্রবণ) দান করেছি। সুতরাং তুমি তোমার প্রতিপালকের উদ্দেশ্যে নামাজ কা'য়েম কর এবং কোরবানী দান কর। নিশ্চয়ই তোমার প্রতি বিদেষপোষণকারীরাই হচ্ছে নির্বংশ।”